# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

বিডিপি/দরবার/০২/এ                                                                 ২৭ জুলাই ২০২৬

**গত ২৭ জুন ২০২৬ তারিখ রোজ শনিবার বেলা ১২:০০ ঘটিকায় বনানী ডিওএইচএস পরিষদ কমিউনিটি হলে অনুষ্ঠিত পরিষদের সম্মানিত প্রেসিডেন্ট এর দ্বিতীয় দরবারের কার্যবিবরণী**

**উপস্থিতিঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মেজর জেনারেল আবদুস সালাম চৌধুরী, এনডিসি (অব.) | - | সভাপতি |
| (২) | কর্নেল হুসেইন মাহমুদ চৌধুরী (অব.), এএফডব্লিউসি, পিএসসি (অব.) | - | সিনিঃ ভিপি |
| (৩) | গ্রুপ ক্যাপ্টেন জহিরুল ইসলাম চৌধুরী, এনডিসি, বিইউপি (অব.) | - | কো-অপ্টেড ইসি সদস্য |
| (৪) | লেঃ কর্নেল মোঃ সাইদুর রহমান (অব.) | - | এ/মেম্বার এ্যাডমিন |
| (৫) | মিসেস শায়লা সুলতানা সিদ্দিকী | - | ইসি সদস্য |
| (৬) | জনাব মুহাম্মদ হায়দার আলী | - | ইসি সদস্য |
| (৭) | পরিষদের কর্মকর্তা ও কর্মচারী | - | ৭২ জন |
| | সর্বমোট জনবল | - | ৭৮ জন |

**পবিত্র কোরআন হতে তেলাওয়াত ও বঙ্গনুবাদঃ**

বনানী ডিওএইচএস জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা মুফতি আব্দুস শাকুর পবিত্র কোরআন হতে তেলাওয়াত ও বঙ্গনুবাদ করেন।

| ক্রমিক | সম্মানিত প্রেসিডেন্ট এর দরবার পয়েন্ট | কার্যক্রম |
|---|---|---|
| ১। | সম্মানিত প্রেসিডেন্ট দরবারে উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে নিম্নলিখিত বিষয়ে আলোকপাত করেনঃ<br><br>১। পরিষদের কর্মকর্তা কর্মচারীদের জন্য প্রথম বারের মত বেতন কাঠামো নির্ধারণ করা হয়েছে। এতে সবার বেতন বৃদ্ধিসহ অবসর সুবিধা প্রদান করা হয়েছে। পরিষদের আয় ও ব্যয় বিবেচনায় নিয়ে এই বেতন কাঠামো প্রণয়ন করা হয়েছে।<br><br>২। পরিষদের গার্ড, পরিচ্ছন্নতাকর্মী, অফিস স্টাফদের ভাল কাজ ও উত্তম আচরণের মাধ্যমেই বনানী ডিওএইচএসের সুনাম নির্ভর করে। বাসিন্দাগণ পরিষদের কর্মচারীদের থেকে যথাযথ সম্মান আশা করেন আমরা আশা পুরণে কাজ করে যাবো। কোন বাসিন্দা খারাপ আচরণ করলে তাঁর সাথে সুন্দর ব্যবহার করে দৃষ্টান্ত স্থাপনের জন্য নির্দেশ দেন। পরনিন্দা ও গীবত করা যাবে না এসব থেকে বিরত থাকতে বলেন।<br><br>৩। সিকিউরিটি সার্ভিস চার্জ আদায়ে ০২ টিম গঠন করা হয়েছে, তাদের কাজে সম্মানিত সভাপতি সন্তোষ প্রকাশ করেন। বাসিন্দাদের সুবিধার্তে প্রয়োজনীয় এ্যাপস তৈরি করা হয়েছে। এক এ্যাপস থেকে অনেক সুবিধা পাওয়া যাবে বিষয়টি বাসিন্দাদেরকে বুঝিয়ে ফরম পুরন করে সংগ্রহের জন্য গুরুত্বারোপ করেন। | সংশ্লিষ্ট সকলকে |



**Telephone**: +88 02 8714697
**E-mail** : infodohsbanani@gmail.com
**Web** : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

| ক্রমিক | সম্মানিত প্রেসিডেন্ট এর দরবার পয়েন্ট | কার্যক্রম |
|---|---|---|
| ২। | ৪। Deep Cleaning Day তে ব্যাপকহারে পরিচ্ছন্নতার কাজ করা হয়। এই কাজে গলফের সম্মানিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করে প্রশংসা করেছেন। এই কাজের যিনি প্রধান পৃষ্টপোষক জনাব মোহাম্মদ আব্দুল্লাহ জাবেরকে ধন্যবাদ জানানো হয় এবং যথাসময়ে নিয়মিত Deep Cleaning Day পালন করা হবে মর্মে অবহিত করেন।<br><br>৫। পরিষদের সিকিউরিটি গার্ড ও পরিচ্ছন্নতা কর্মীদের নতুন পোশাক দেওয়া হয়েছে। স্টাফদের সবাইকে যথাযথভাবে দায়িত্ব পালনের নির্দেশ দেন।<br><br>৬। বাসিন্দাদের মধ্যে ৬৫ বছরের উপরে পুরুষ ও মহিলা যাঁরা একাকী বাস করেন তাদের তালিকা সংরক্ষণের নির্দেশ প্রদান করেন যাতে এ সকল ব্যক্তিবর্গ কোন অসুবিধায় পড়লে দ্রুত সাহায্য করা যায়।<br><br>৭। আমাদের স্বাস্থ্য সেবা কেন্দ্রটির চিকিৎসা ব্যবস্থা অনুযায়ী আন্তরিকভাবে ২৪ ঘন্টা চিকিৎসা প্রদান অব্যাহত আছে। মসজিদ এনেক্স ভবনে আসার পর আরো উন্নত চিকিৎসা সেবা চালু করা হবে। দন্ত চিকিৎসার কার্যক্রম যোগ করা হবে। উত্তর সিটি কর্পোরেশনের সহযোগিতায় ইতিমধ্যে ভ্যক্সিনেশন সেন্টার পেয়েছি বলে সকলকে অবহিত করেন।<br><br>৮। শরীর সুস্থ রাখতে ব্যয়াম ও জিমের ব্যবহার অপরিহার্য। জিমের মাধ্যমে সুস্থ থাকা যায়। আমাদের উল্লেখযোগ্য সংখ্যক জিমনেশিয়াম ব্যবহারকারী রয়েছে ও পর্যাপ্ত সরঞ্জামাদি আছে, প্রয়োজনে আরো যোগ করা হবে। মহিলাদের জিম অনুশীলন প্রাধান্য দিয়ে অভিজ্ঞ মহিলা প্রশিক্ষক নিয়োগ দেওয়া হয়েছে বলে সকলকে অবহিত করেন।<br><br>৯। কোরবানীর বর্জ্য অপসারণ কার্যক্রম ক্লিনিং টিমের তত্ত্বাবধানে আমাদের পরিচ্ছন্নতাকর্মীরা নিরলসভাবে কাজ করেছেন। এলাকাবাসীও নিয়ম মেনে সহযোগিতা করেছেন। সবার সহযোগিতায় বর্জ্য অপসারণ কার্যক্রম ঈদের দিন সন্ধ্যা ০৬ টার মধ্যেই শেষ হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সংশ্লিষ্ট সকলকে |



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|
| ৩। | ১০। স্বাধীনতা দিবসে বীরমুক্তিযোদ্ধাদের মুক্তিযুদ্ধে অবদান ও কৃতিত্ব, ১০-১৮ বছরের কিশোর যুবকদের মাঝে তুলে ধরার জন্য সামরিক জাদুঘর ও সেনানিবাসের বিজয় নিকেতন জাদুঘর ঘুরে দেখানোর ব্যবস্থা করা হবে। পরবর্তীতে মুক্তিযুদ্ধের উপর রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হবে। বিজয়ীদের মাঝে পুরস্কারের ব্যবস্থা থাকবে। স্বাধীনতাযুদ্ধে খেতাবপ্রাপ্ত ০২/০১ জন বিশিষ্ট বীরমুক্তিযোদ্ধাকে মুক্তিযুদ্ধের স্মৃতিকথা কিশোর ও যুবকদের মাঝে উপস্থাপনের জন্য আমন্ত্রণ করা হবে। মিউজিয়াম পরিদর্শন ও অনুষ্ঠানের সার্বিক কার্যক্রম প্রস্তুতি ডিসেম্বর থেকেই শুরু করার জন্য সবাইকে অনুরোধ করেন।<br><br>১১। বর্তমান কমিটির উদ্যোগে মাধবী লাউঞ্জে বড় পরিসরে লাইব্রেরীর ব্যবস্থা করা হয়েছে। এলাকাবাসীসহ অনেকেই বই পুস্তক উপহার হিসাবে প্রদান করেছেন। বাসিন্দাদের ন্যায় পরিষদের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ চাইলে লাইব্রেরীতে বই পুস্তক পড়া ও বই ইস্যু করার সুযোগ পাবে বলে জানান। লাইব্রেরীর বিষয়টি বাসিন্দাদের মধ্যে প্রচারের জন্য সবাইকে অনুরোধ করেন।<br><br>১২। বনানী ডিওএইচএস জামে মসজিদ এনেক্স বিল্ডিংয়ের ০৬ টি ফ্লোর "জাবের এন্ড জুবায়ের লিমিটেড" এর কাছে ভাড়া দেওয়া হয়েছে। মসজিদ এনেক্স বিল্ডিংয়ের কাজ শেষ করতে সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।<br><br>১৩। পরিষদের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ কেউ যদি বর্তমান চাকরির চাইতে আরো ভাল সুযোগ সুবিধার চাকরি পেয়ে থাকে, সেক্ষেত্রে তার সুবিধা বিবেচনা করে অব্যাহতি দেওয়া হবে। লেখাপড়া ও কম্পিউটার ট্রেনিংয়ের জন্য সর্বোচ্চ সুযোগ থাকবে বলে সম্মানিত সভাপতি অবহিত করেন। এছাড়াও কারোর সন্তানদের কম্পিউটার প্রশিক্ষণের প্রয়োজন হলে সভাপতি নিজে দায়িত্ব নিবেন মর্মে জানান।<br><br>১৪। পরিষদের সকল কিছুতে কৃচ্ছতা সাধন ও অপচয় রোধ করার জন্য সবাইকে অনুরোধ করেন। ইতিমধ্যে মসজিদে এসি ব্যবহারের নির্দেশনা জারি করা হয়েছে। সিকিউরিটি স্ট্রিট লাইটসহ, অফিস ও স্থাপনার লাইট মাগরিবের আযানের সাথে সামঞ্জস্য রেখে জ্বালানো ও ফজরের ~~আযানের~~ আযানের পর বন্ধের জন্য সবাইকে অনুরোধ করেন। | মেম্বার এ্যাডমিন |

৩। সভায় আর কোন পয়েন্ট না থাকায় প্রেসিডেন্ট দরবার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ সাইদুর রহমান
লেঃ কর্নেল (অব.)
পক্ষে সভাপতি



**Telephone**: +88 02 8714697
**E-mail** : infodohsbanani@gmail.com
**Web** : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner